



হাদি হত্যা মামলায় ১৭ জনের বিরুদ্ধে চার্জশিট, ৫ জন পলাতক



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদি হত্যাকাণ্ডের ঘটনায় ফয়সাল করিম মাসুদসহ মোট ১৭ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র জমা দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার মিন্টো রোডের ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে বিষয়টি জানান অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মো. শফিকুল ইসলাম।

তিনি জানান, মামলার ১৭ আসামির মধ্যে ১২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। প্রধান অভিযুক্ত ফয়সাল করিম মাসুদসহ পাঁচজন এখনো পলাতক রয়েছে।

হত্যাকাণ্ডের পটভূমি তুলে ধরে শফিকুল ইসলাম বলেন, ইনকিলাব মঞ্চের মুখপাত্র হিসেবে হাদি ভিন্নধর্মী রাজনৈতিক অবস্থান গ্রহণ করেন। নিষিদ্ধ আওয়ামী লীগ ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের অতীত কর্মকাণ্ড নিয়ে তিনি প্রকাশ্যে কঠোর সমালোচনা করতেন। এতে সংশ্লিষ্ট মহলে ক্ষোভ তৈরি হয়। ঘটনার দিন পলাতক ফয়সাল করিম মাসুদ, যিনি রাহুল ও দাউদ খান নামেও পরিচিত এবং নিষিদ্ধ ছাত্রলীগের সঙ্গে যুক্ত ছিলেন, হাদিকে গুলি করেন।